রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০১৯

**[ একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদক-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৬২.০৬.০১৫.১৯-৩৪৬**—মাদকবিরোধী গণসচেতনতা বৃদ্ধি ও মাদকের অপব্যবহার রোধকল্পে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৬৩ অনুযায়ী নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করা হলো :

**(ক) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি :**

**চেয়ারম্যান**

১) মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

২) তথ্য মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৩) অর্থ মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৪) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৫) শিক্ষা মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৬) পররাষ্ট্র মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;



**মূল্য :** টাকা ১২.০০

৭) পরিকল্পনা মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৮) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

৯) সমাজ কল্যাণ মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী;

১০) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী;

১১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী;

১২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী;

১৩) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

১৪) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

১৫) সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়;

১৬) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;

১৭) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়;

১৮) সচিব, শিল্প মন্ত্রণালয়;

১৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়;

২০) ড. অরূপ রতন চৌধুরী, সভাপতি, মানস;

২১) জনাব নঈম নিজাম, সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন;

২২) ডা. মোহিত কামাল, ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ, শেরেবাংলা নগর, ঢাকা;

**সদস্য-সচিব**

২৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

**কমিটির দায়িত্ব ও কর্তব্য :**

ক) মাদকদ্রব্য সৃষ্ট সম্ভাব্য ক্ষতিকর প্রতিক্রিয়া রোধকল্পে প্রয়োজনীয় কর্মকৌশল প্রণয়ন এবং উহা বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণ;

খ) মাদকদ্রব্য উৎপাদন, সরবরাহ, ব্যবহার ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কর্মকৌশল নির্ধারণ;

গ) মাদকাসক্ত চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত কর্মকৌশল প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

ঘ) মাদকদ্রব্যের কুফল সম্পর্কে জনসাধারণকে সচেতন করার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রমের কর্মকৌশল প্রণয়ন;

ঙ) কমিটি প্রয়োজনে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

চ) উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোনো ব্যবস্থা গ্রহণ;

উপদেষ্টা কমিটি বছরে ন্যূনতম **১**টি সভায় মিলিত হবে। তবে যে কোনো আবশ্যিক পরিস্থিতির উদ্ভব হলে চেয়ারম্যান স্বল্প সময়ের নোটিশে সভা আহবান করতে পারবেন।

**(খ) জাতীয় মাদকবিরোধী কমিটিঃ**

উপদেষ্টা

১) মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

২) মাননীয় সভাপতি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি;

সভাপতি

৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

সদস্যবৃন্দ

৪) অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

৫) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

৬) সচিব, জননিরাপত্তা বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

৭) সচিব, অর্থ বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

৮) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

৯) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

১০) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

১১) সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

১২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি (অতিরিক্ত সচিব এর নিচে নয়);

১৩) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৪) সচিব, তথ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৬) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৭) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৮) সচিব, রেলপথ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

১৯) সচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

২০) সচিব, স্থানীয় সরকার বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

২১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়);

২২) মহাপরিচালক, বাংলাদেশ বেতার এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

২৩) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

২৪) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

২৫) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

২৬) উপ-মহাপরিচালক (অপারেশন্স), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী;

২৭) চেয়ারম্যান, বিআরটিএ এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

২৮) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর এর প্রতিনিধি (অতিরিক্ত প্রধান তথ্য অফিসার এর নিচে নয়);

২৯) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

৩০) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন-এর প্রতিনিধি;

৩১) বিভাগীয় কমিশনার (সকল)-এর প্রতিনিধি;

৩২) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পরিচালক এর নিচে নয়);

৩৩) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (পরিচালক এর নিচে নয়);

৩৪) চেয়ারম্যান, চট্টগ্রাম/মোংলা/পায়রা বন্দর কর্তৃপক্ষ এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

৩৫) ডিআইজি (অপরাধ), বাংলাদেশ পুলিশ;

৩৬) ডিআইজি, এসবি, বাংলাদেশ পুলিশ;

৩৭) ডিআইজি, জিআরপি, বাংলাদেশ রেলওয়ে পুলিশ;

৩৮) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস্), র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব);

৩৯) পরিচালক (অপারেশনস্ ও প্রশিক্ষণ), বর্ডার গার্ড বাংলাদেশ;

৪০) পরিচালক (অপারেশনস্), বাংলাদেশ কোস্টগার্ড;

৪১) মহাপরিচালক, এনএসআই এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

৪২) মহাপরিচালক, ডিজিএফআই এর প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়);

৪৩) মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-এর প্রতিনিধি;

৪৪) সভাপতি/সেক্রেটারি, জাতীয় প্রেসক্লাব, ঢাকা;

৪৫) জনাব খুশী কবির, ‘নিজেরা করি প্রতিষ্ঠান’, ৭/৮, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা;

৪৬) জনাব শাহেদুল ইসলাম হেলাল, চেয়ারম্যান, প্রমিসেস মেডিক্যাল লিমিটেড, বারিধারা, ঢাকা;

৪৭) জনাব লুৎফর রহমান মানিক, সেফ হোম মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, মিরপুর, ঢাকা;

৪৮) জনাব ইকবাল মাসুদ, পরিচালক, ঢাকা আহছানিয়া মিশন;

৪৯) ড. হোসনে আরা বেগম, নির্বাহী পরিচালক, টিএমএমএস, মিরপুর-১০, ঢাকা;

৫০) উপসচিব (মাদক-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

<u>সদস্য-সচিব</u>

৫১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

<u>কার্যপরিধি</u> :

ক) মাদকদ্রব্যের অপব্যবহার, প্রতিরোধ ও গণসচেতনামূলক প্রচারণা ও কার্যক্রমে নীতিগত বিষয়ে সমন্বয় সাধন;

খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ পরিস্থিতি পর্যালোচনা ও মাদকবিরোধী কার্যক্রমের সমন্বয় সাধন;

গ) কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

ঘ) কমিটি প্রয়োজনে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

ঙ) সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

জাতীয় কমিটি বছরে ন্যূনতম ২টি সভায় মিলিত হবে। তবে যে কোনো আবশ্যিক পরিস্থিতির উদ্ভব হলে সভাপতি স্বল্প সময়ের নোটিশে সভা আহবান করতে পারবেন।

**(গ) <u>জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি:</u>**

<u>উপদেষ্টা:</u>

১। জেলার মাননীয় সংসদ সদস্যবৃন্দ

২। চেয়ারম্যান, জেলা পরিষদ

<u>সভাপতি</u>

৩। জেলা প্রশাসক

<u>সদস্যবৃন্দ</u>

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ

৫। পুলিশ সুপার

৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)

৭। সিভিল সার্জন

৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

১০। জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি

১১। স্থানীয় বিজিবি ব্যাটালিয়নের উপ-অধিনায়ক (সীমান্তবর্তী জেলাসমূহের ক্ষেত্রে)

১২। কোস্টগার্ডের প্রতিনিধি, (কোস্টাল এরিয়ার জন্য)

১৩। জেলা তথ্য অফিসার

১৪। মেয়র, পৌরসভা (সকল)

১৫। সভাপতি/সম্পাদক, জেলা বার এসোসিয়েশন

১৬। সভাপতি/সম্পাদক, জেলা প্রেসক্লাব

১৭। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর

১৮। জেলা সদরের সরকারি কলেজসমূহের অধ্যক্ষ

১৯। স্থানীয় বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২০। জেলা শিক্ষা অফিসার

২১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

২২। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর

২৩। উপ-পরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর

২৪। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয়/জেলা কারাগার

২৫। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ

২৬। জেলার ২ জন গণ্যমান্য ব্যক্তি ১ জন মহিলাসহ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২৭। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

২৮। উপ-পরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

২৯। সহকারী পরিচালক, বিআরটিএ

৩০। জেলা ক্রীড়া অফিসার

৩১। বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের প্রতিনিধি ০১ (এক) জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

৩২। মাদকদ্রব্যের অপব্যবহার নিরোধ কার্যক্রমে সম্পৃক্ত এনজিও সমূহের ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

৩৩। স্থানীয় বাস ট্রাক মালিক/শ্রমিক সংগঠনের ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

৩৪। উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়

**কর্মপরিধিঃ**

(ক) প্রতিমাসে জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণের পরিস্থিতি পর্যালোচনা করে মাদকবিরোধী কার্যক্রম সমন্বয় ও জোরদার করা;

(খ) মাদকদ্রব্য সংক্রান্ত মামলাসমূহের তদন্ত ও বিচার দ্রুত নিষ্পত্তির সহায়তা করা;

(গ) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা করা;

(ঘ) জেলার মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধ কর্মসূচি ও গণসচেতনতামূলক কর্মকান্ডে পরিকল্পনা প্রণয়ণ;

(ঙ) মাদক বিরোধী ও গণসচেতনতামূলক প্রচার, সেমিনার ও সভার আয়োজন;

(চ) উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের উদ্ভূত সমস্যাদির সুষ্ঠু সমাধানের কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং দিক নির্দেশনা প্রদান;

(ছ) প্রয়োজনে জাতীয় কমিটির নিকট সুপারিশ উত্থাপনের জন্য অধিদপ্তরের নিকট সুপারিশ প্রেরণ;

(জ) জাতীয় কমিটিসমূহ সিদ্ধান্ত বাস্তবায়নের যথাযথ উদ্যোগ গ্রহণ;

(ঞ) কমিটি প্রয়োজনে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

(ট) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

**(ঘ) উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটিঃ**

**উপদেষ্টা:**

১। মাননীয় সংসদ সদস্য

২। উপজেলা পরিষদ চেয়ারম্যান

**সভাপতি**

৩। উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

৪। সহকারী কমিশনার (ভূমি)

৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৬। স্থানীয় মহাবিদ্যালয়/সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ (সকল)

৭। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় থানা

১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

১২। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (জেলা কার্যালয় কর্তৃক মনোনীত)

১৩। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা

১৪। উপজেলা সমবায় কর্মকর্তা

১৫। উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ

১৬। মেয়র, স্থানীয় পৌরসভা

১৭। স্থানীয় প্রেস ক্লাবের সভাপতি/সম্পাদক

১৮। মাদকদ্রব্যের অপব্যবহার নিরোধ কার্যক্রমে সম্পৃক্ত এনজিও প্রতিনিধি-২জন (১জন পুরুষ-১জন মহিলা, ইউএনও কর্তৃক মনোনীত)

১৯। স্থানীয় মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহের প্রধান শিক্ষক/সুপার-০২ (দুই) জন (ইউএনও কর্তৃক মনোনীত)

২০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

২১। উপজেলা জামে মসজিদসমূহের একজন ইমাম (ইউএনও কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

২২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

**কর্মপরিধিঃ**

(ক) উপজেলা পর্যায়ে মাদকের অপব্যবহার প্রতিরোধ কর্মসূচি ও গণসচেতনামূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;

(খ) স্থানীয় পর্যায়ে র‌্যালি, সভা, সেমিনার, সমাবেশ, সাংস্কৃতিক ও ক্রীড়া ইত্যাদি মাদক বিরোধী অনুষ্ঠান আয়োজন করা;

(গ) স্থানীয় উদ্যোগে ডিটক্সিফিকেশন ক্যাম্পের আয়োজনের মাধ্যমে মাদকাসক্তদের চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধকরণ;

(ঘ) স্থানীয় পর্যায়ে মাদকাসক্তদের জরিপ কাজে সহায়তা করা;

(ঙ) কমিটি প্রয়োজনে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

(চ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়;

উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবেন।

০২। উপরোক্ত কমিটিসমূহ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd